

**AKASHVANI (Kolkata)**  
**Regional News Unit**

**Date : 17-11-24**

**Desk in Charge :**

**Time : 7.50 PM**

**Compiling :**

**Opening Announcement-**

আকাশবাণী, খবর পড়ছি

**বিশেষ বিশেষ খবর -**

১/ রাজ্যের অর্থনীতিকে চাঙ্গা করতে বন্ধ বা লোকসানে চলা কারখানা গুলিকে অন্য কাজে ব্যবহার করার অনুমতি দিতে চায় রাজ্য সরকার।

২/ কলকাতা পুরসভার বোরো চেয়ারম্যান সুশান্ত ঘোষকে গুলি করার চেষ্টায় মূল অভিযুক্তর ১৩ দিনের পুলিশ হেফাজত।

৩/ RG Kar-এ তরুণী চিকিৎসকের খুন-ধর্ষণের ১০০ দিন পার হলেও, এখনো বিচার না মেলায়, আজ আবারো রাস্তায় নেমেছে নাগরিক সংগঠনগুলি।

৪/ যাত্রী ভিড় সামাল দিতে মেট্রো রেল, হাওড়া ময়দান থেকে ধর্মতলা ও মহাকরণের মধ্যে আপ ও ডাউনে আরো বেশী ট্রেন চালাবে।

৫/ নদীয়ার শান্তিপুরে শুরু হয়েছে ভাঙ্গা রাসের শোভাযাত্রা।

৬/ খেলতে খেলতে মাঠেই প্রয়াত গোলকিপার কোচ প্রশান্ত দে-র মৃত্যুতে ময়দানে শোকের ছায়া।

\*\*\*\*\*

রাজ্যের অর্থনীতিকে চাঙ্গা করতে বন্ধ বা লোকসানে চলা কারখানা ভবনগুলিকে অন্য কাজে ব্যবহার করার অনুমতি দিতে চায় রাজ্য সরকার। এজন্য প্রচলিত আইন পরিবর্তন করারও পরিকল্পনা নেওয়া হয়েছে। বর্তমান আইনে কারখানার ভবনগুলিকে শুধুমাত্র শিল্পের কাজেই ব্যবহার করা যায়। ফলে কোনও কারণে কারখানা বন্ধ হয়ে গেলে সেই ভবন হানা বাড়ির চেহারা নেয়। সারা রাজ্যে এরকম কয়েক লক্ষ সরকারিভাবে চিহ্নিত ইন্ডাস্ট্রিয়াল বিল্ডিং বা কারখানা ভবন রয়েছে। এইসব সম্পত্তি যাতে অন্য কোনও বাণিজ্যিক কাজে ব্যবহার করা যায় তার জন্য খুব শীঘ্ৰই আইনে পরিবর্তন আনা হচ্ছে বলে নগর উন্নয়ন দপ্তর সূত্রে খবর।

\*\*\*\*\*

আদিবাসী সমাজের উন্নয়নে গৃহীত প্রকল্পগুলির অগ্রগতি খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বৈঠক ডেকেছেন। আগামীকাল বিকেল সাড়ে চারটোয় নবান্ন সভাঘরে আদিবাসী উপদেষ্টা কমিটির সঙ্গে এই বৈঠকে মুখ্যমন্ত্রী ছাড়াও মন্ত্রী বীরবাহা হাঁসদা এবং দপ্তরের অন্য আধিকারিকরা উপস্থিত থাকবেন। চলতি প্রকল্পগুলি ছাড়াও আর কোন কোন প্রকল্পের প্রয়োজনীয়তা রয়েছে, কিভাবে আদিবাসী সমাজের আরও উন্নয়ন করা সম্ভব তা পর্যালোচনা করা হবে এই বৈঠকে। আদিবাসী সমাজের বিভিন্ন সংগঠনের প্রতিনিধিরাও সেখানে উপস্থিত থাকবেন বলে জানা গেছে।

\*\*\*\*\*

রেশনের জন্য বকেয়া ১২ হাজার ৭১৪ কোটি টাকা চেয়ে রাজ্য সরকার, কেন্দ্রীয় খাদ্য মন্ত্রককে আর এক দফা চিঠি দিয়েছে। দীর্ঘদিন কেটে গেলেও রেশন বাবদ রাজ্যের বকেয়া আটকে রাখা হয়েছে। কি কারণে এই বিপুল পরিমাণ টাকা বকেয়া রাখা হয়েছে তার নির্দিষ্ট কোনও কারণও জানানো হয়নি বলে অভিযোগ। বকেয়া টাকা ফেরত দেওয়ার আর্জি জানিয়ে রাজ্য খাদ্যদফতরের বিশেষ সচিব, কেন্দ্রীয় খাদ্য ও উপভোক্তা মন্ত্রকের গণবন্টন বিভাগের যুগ্ম অধিকর্তা জয় পাটিলকে চিঠি পাঠিয়েছেন। রেশন ব্যবস্থা সুষ্ঠুভাবে চালানোর জন্য ওই টাকা প্রয়োজন বলে চিঠিতে উল্লেখ করা হয়েছে।

\*\*\*\*\*

RG Kar-এ তরুণী চিকিৎসকের খুন-ধর্ষণের ১০০ দিন পার হলেও, এখনো বিচার না মেলায়, আজ আবারো রাস্তায় নেমেছে ‘অভয়া মঞ্চ’। মঞ্চের ডাকে সোদপুর থেকে শ্যামবাজার পর্যন্ত মশাল সাইকেল র্যালি শুরু হয়েছে। মশাল জ্বালিয়ে কর্মসূচীর সূচনা করেছেন অভয়ার পরিবারের লোকজন। ১০০ জন সাইকেল আরোহী মশাল হাতে শ্যামবাজারে পৌঁছবেন। বিভিন্ন দিক থেকে আরো কয়েকটি মিছিলের’ও শ্যামবাজারে আসার কথা। উদ্যোগদের তরফে জানানো হয়েছে, জেলাগুলি থেকে আসা প্রতিনিধিরা প্রজ্ঞালিত মশাল নিয়ে নিজেদের জেলায় ফিরে যাবেন।

উল্লেখ্য, হেলথ সার্ভিস ডক্টর্স অ্যাসোসিয়েশন, জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্স, ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টর্স ফন্ট এবং ১০০-টির’ও বেশী গণসংগঠন নিয়ে তৈরী হয়েছে অভয়া মঞ্চ।

\*\*\*\*\*

কসবায় তৃণমূল কংগ্রেস কাউন্সিলর সুশান্ত ঘোষকে খুনের চেষ্টার নেপথ্যে অনেকে জড়িত বলে পুলিশ দাবি করেছে। তদন্ত চালানো হতে পারে বিহারে গিয়েও। তদন্তের স্বার্থে কসবাকাণ্ডের ‘মূল ষড়যন্ত্রকারী’ আফরোজ খান ওরফে গুলজার ওরফে ইকবালকে হেফাজতে রেখে আরও জেরার প্রয়োজন আছে বলে আজ আদালতে সওয়াল করেন পুলিশের আইনজীবী। সেই আবেদন মেনে বিচারক অভিযুক্তকে ১৩ দিনের পুলিশি হেফাজতের নির্দেশ দিয়েছেন।

শুক্রবার নিজের বাড়ির সামনেই সুশান্তকে লক্ষ্য করে গুলি চালায় দুই দুক্তি। ধরা পড়ে যুবরাজ সিং নামে একজন। তাকে জেরা করে পুলিশ জানতে পারে ‘মূল ষড়যন্ত্রকারী’ গুলজার ওরফে ইকবালের নাম। এরপরই শুরু হয় তার সন্ধান। গতকাল বাইক নিয়ে বিহারে পালানোর সময় পূর্ব বর্ধমানের গলসি থেকে তাকে গ্রেফতার করা হয়। আজ আদালতে পুলিশ দাবি করে, ইকবালই খুনের পরিকল্পনা করেছিল। জেরায় সে জানিয়েছে, পঞ্চান্ন গ্রাম এলাকায় তার একটি জমি, সুশান্ত ঘোষ আশ্রিত সমাজবিরোধী হায়দার আলি দখল করে নেয়। সেই নিয়েই বিরোধ।

এদিকে পুলিশ জানিয়েছে, আততায়ী পালানোর সময় আন্দেয়ান্ত্রিক সুশান্ত ঘোষের বাড়ির কাছে একটি খালে ফেলে গিয়েছে। সেটির সন্ধানে তল্লাশি চলছে।

উল্লেখ্য, এই ঘটনায় এক ট্যাক্সি চালক আহমেদকেও গ্রেপ্তার করেছে পুলিশ। যুবরাজ এবং আহমেদকে গতকাল আদালতে তোলা হলে ২৯শে নভেম্বর পর্যন্ত পুলিশ হেফাজত হয়।

\*\*\*\*\*

শহর কলকাতা দুষ্কৃতীদের স্বর্গরাজ্যে পরিণত হয়েছে বলে অভিযোগ করেছেন বিজেপির রাজ্য সভাপতি, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

তিনি আজ দক্ষিণ ২৪ পরগণায় দলের সদস্য সংগ্রহ অভিযানে অংশ গ্রহণ করে কসবায় কাউন্সিলারের ওপর হামলায় ঘটনায় রাজ্য সরকারের ভূমিকার তীব্র সমালোচনা করেন।

( বাইট- সুকান্ত মজুমদার)

কংগ্রেস ওয়ার্কিং কমিটির সদস্য অধীর রঞ্জন চৌধুরী বলেন, দুষ্কৃতীরা গোটা রাজ্যটাই দখল করে নিয়েছে।

( বাইট- অধীর চৌধুরী )

সুশান্ত ঘোষকে গুলি করার চেষ্টার ঘটনা নিয়ে তৃণমূল কংগ্রেস নেতা কুণ্ঠাল ঘোষ আজ বলেন, অপরাধী বাইরে থেকে এ'রাজ্যে এসে গুলি চালাবে, এটা মেনে নেওয়া যায় না। তিনি জানান, বিরোধী পক্ষ রাজ্যের সমালোচনা করার জন্যেই এধরণের ঘড়িযন্ত্র করছে।

( বাইট- কুণ্ঠাল ঘোষ )

\*\*\*\*\*

পূর্ব যাদবপুর থানা এলাকায় মুকুন্দপুর মেন রোডে আজ সকালে সোনার দোকানে গয়না লুঠ করতে বাধা দেওয়ায় ডাকাতরা দোকান মালিককে কোপায়।

পুলিশ সূত্রে জানা গেছে, সকাল সাড়ে এগারোটা নাগাদ ওই দোকানে ক্রেতা সেজে দু'জন দুষ্কৃতী ঢোকে। তারা গয়না দেখতে গিয়ে লুঠের চেষ্টা করলে মালিক বাধা দেন। সেইসময় ধারালো অস্ত্র বের করে দুষ্কৃতীরা চড়াও হয়। চিৎকার, চেঁচামেচিতে

আশপাশের লোকজন ছুটে এসে একজনকে ধরে ফেলে। পরে আরেকজন পুলিশের হাতে ধরা পড়েছে। আহত দোকান মালিক সঞ্জয় সরকার হাসপাতালে ভর্তি।

জানা গিয়েছে, ধৃত একজনের নাম দীপঙ্কর পাল। সে ত্রিপুরার বাসিন্দা। এখানে একটি বেসরকারি হাসপাতালে কাজ করে। সাগর নামে অপর দুষ্কৃতী মহারাষ্ট্রের বাসিন্দা। এর আগে তারা এলাকায় রেকি করে গেছিল বলে, পুলিশ জানিয়েছে।

এদিকে, সুশান্ত ঘোষের ওপর হামলা ও সোনার দোকানে ডাকাতির ঘটনার প্রেক্ষিতে, পুলিশ সারা শহরে ‘নাকা চেকিং’ চালাচ্ছে।

\*\*\*\*\*

সকাল ও সন্ধ্যায় অফিসের ব্যস্ত সময়ে যাত্রী ভিড় সামাল দিতে মেট্রো রেল আগামীকাল থেকে হাওড়া ময়দান, মহাকরণ -এর মধ্যে আরও বেশি ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে।

আগামীকাল থেকে সপ্তাহে ছ-দিন এই করিডরে আপ ও ডাউন লাইনে, হাওড়া ময়দান ও এসপ্ল্যানেডের মধ্যে ৮২টি এবং হাওড়া ময়দান ও মহাকরণ স্টেশনের মধ্যে ৬৮টি ট্রেন চলাচল করবে বলে মেট্রোর তরফে জানানো হয়েছে। এর ফলে ২৪ মিনিটের পরিবর্তে ২০ মিনিট অন্তর ট্রেন পাওয়া যাবে।

\*\*\*\*\*

মালদার ইংরেজবাজারে পাবলিক সার্ভিস কমিশনের ক্লার্কশিপ পরীক্ষা চলাকালীন মোবাইল নিয়ে ঢোকার অভিযোগে ছজনকে গ্রেফতার করেছে পুলিশ। জহুরাতলা ও বিভুতিভূষণ উচ্চবিদ্যালয় থেকে এদের গ্রেফতার করা হয়। ধৃতরা হল দেবাশীষ প্রামাণিক, বিশাল মন্ডল, সমৃদ্ধ দাস, আবুল তোহসিন হোসেন, সেতাবর শেখ ও মহম্মদ আমিরুল।

\*\*\*\*\*

নদীয়া শান্তিপুরের ঐতিহ্যবাহী ভাঙ্গারাসের শোভাযাত্রা শুরু হয়েছে। প্রথা অনুযায়ী প্রথমে বড় গোস্বামী বাড়ি শোভাযাত্রায় অংশ নেয়। পরে অন্যান্য বাড়িগুলি অংশ নিতে শুরু করে। বিগ্রহবাড়ির নগর পরিক্রমা শেষ হলে শুরু হবে বারোয়ারি গুলির শোভাযাত্রা। আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন- ( ভিসি-অনুপম)

\*\*\*\*\*

ইউনাইটেড স্পোর্টস ক্লাবের গোলকিপিং কোচ প্রশান্ত দে-র অকাল প্রয়াণে কলকাতা ময়দানে শোকের ছায়া নেমে এসেছে। গতকাল বিধাননগরে দলের অনুশীলন করানোর সময় হঠাৎ অসুস্থ হয়ে পড়েন তিনি। স্থানীয় একটি হাসপাতালে নিয়ে যাওয়া হলে, সেখানেই তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বয়স হয়েছিল ৪১ বছর। শুক্রবার ইউনাইটেড স্পোর্টস ক্লাব, কলকাতা প্রিমিয়ার ডিভিশনে খেলার যোগ্যতা অর্জন করেছিল। সেই উপলক্ষে আনন্দ উৎসবে সকলের সঙ্গে প্রশান্তবাবু সামিল হয়েছিলেন।

\*\*\*\*\*

গুজরাটে অনুষ্ঠিত ন্যাশনাল স্কুল গেমসের অনুর্ধ্ব-১৯ বিভাগে ইন্ডিয়া রাউন্ড ইভেন্টে ঝাড়গ্রামের বেঙ্গল আর্চারি আকাডেমির তিরন্দাজ অনিমেষ রায় স্বর্ণ পদক জয় করায়, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি তাঁকে অভিনন্দন জানিয়েছেন।

\*\*\*\*\*